

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ফাযিল (স্নাতক) সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা ও ভর্তি সংশ্লিষ্ট বিষয়ে পরবর্তী কার্যক্রম পুনঃনির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ও অনুমতিপ্রাপ্ত ফাযিল ও কামিল মাদ্রাসার প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অফিস স্মারক নং-২০/ফা.কা.মা/শিক্ষা/ইবি-২০১৫/৯৭৫, তারিখ ০৪-০৪-২০১৫ইং দ্বারা ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ফাযিল (স্নাতক) সম্মান শ্রেণীতে ২৮-০২-২০১৫ ইং তারিখের ভর্তি পরীক্ষাসহ স্থগিত অন্যান্য কার্যক্রম আগামী ২৫-০৪-২০১৫ ইং তারিখে অনুষ্ঠানসহ সংশ্লিষ্ট ভর্তি কার্যক্রমের পুনঃ তফসিল ঘোষণা করা হয়। অনিবার্য কারণবশতঃ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ফাযিল (স্নাতক) সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা ২৫-০৪-২০১৫ ইং তারিখের পরিবর্তে আগামী ১২-০৫-২০১৫ ইং তারিখে অনুষ্ঠানসহ ভর্তি সংশ্লিষ্ট বিষয়ে পরবর্তী কার্যক্রম নিম্নরূপভাবে পুনঃ নির্ধারণ (পুনঃ তফসিল) করা হলো।

পুনঃ তফসিল

- ১। ভর্তি পরীক্ষার তারিখ ১২-০৫-২০১৫ ইং মঙ্গলবার (বেলা ১১ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত)।
- ২। ফলাফল প্রকাশ ১৩-০৫-২০১৫ ইং তারিখের মধ্যে।
- ৩। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মেধা তালিকা থেকে ভর্তি ১৪-০৫-২০১৫ ইং থেকে ২১-০৫-২০১৫ ইং পর্যন্ত।
- ৪। আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান মেধা তালিকা থেকে ভর্তি ২৩-০৫-২০১৫ ইং থেকে ০৪-০৬-২০১৫ ইং পর্যন্ত।
- ৫। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি'-এর ব্যাংক ড্রাফট-এর তারিখ ০৭-০৬-২০১৫ ইং
- ৬। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ফাযিল (স্নাতক) সম্মান শ্রেণীর ক্লাস ০৮-০৬-২০১৫ ইং থেকে শুরু হবে।
- ৭। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি'-এর ব্যাংক ড্রাফট, পূরণকৃত চূড়ান্ত আবেদন ফরম ও রেজিস্ট্রেশন কার্ড ২১-০৬-২০১৫ ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

ইতিপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

(ড. মোঃ মসলেম উদ্দিন)

রেজিস্ট্রার

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া।